ভিসা

এই তালিকাতে অন্তর্গত নির্দিষ্ট বিদেশি নাগরিকগণ তিরিশ (৩০) দিনের অনধিক থাকা, তাদের মূল বন্দরের উদ্দেশ্যে ফিরতি যাত্রার অথবা পরবর্তী গন্তব্য বন্দরের উদ্দেশ্যে বৈধ টিকিট থাকা, এবং পরিকল্পনা অনুযায়ী অবস্থানের সময়কাল থেকে অন্তত ৬ মাস পর পর্যন্ত বৈধ পাসপোর্ট বহনের প্রেক্ষিতে ব্যবসা ও পর্যটনের উদ্দেশ্যে **ভিসা ব্যতীত** ফিলিপাইনে ভ্রমন করার অনুমতি পাবেন। এই তালিকাতে **মালদ্বীপের** নাগরিকরা অন্তর্ভুক্ত থাকবেন।

বাংলাদেশ ও **শ্রীলংকার** নাগরিকদের ফিলিপাইন ভ্রমনের জন্য ভিসা আবশ্যক বিশেষ করে অবসরযাপন এবং পর্যটনের উদ্দেশ্য থাকলে।

ভারতীয় নাগরিক যারা বাংলাদেশ, শ্রীলংকা, ও মালদ্বীপে বাস করেন, তারা অনুগ্রহপূর্বক নিউ দিল্লীর ফিলিপাইন দূতাবাসের ওয়েবসাইট ভিজিট করুন।

০১ এপ্রিল ২০২২, থেকে বিদেশি নাগরিকদের জন্য ফিলিপাইনে প্রবেশের ক্ষেত্রে **কোভিড-১৯ অতিমারী নিয়মাবলীর সাথে সম্পর্কিত** যা করনীয় তা এই লিংকে পাওয়া যেতে পারে।

কী কী প্রয়োজন তার একটি সংক্ষিপ্ত বিবরণ পাওয়ার জন্য, আপনার ফিলিপাইনে ভ্রমনের উদ্দেশ্য অনুযায়ী অনুগ্রহপূর্বক নিম্নের তালিকা দেখুন।

আবেদনকারীদের স্মরণ করিয়ে দেওয়া হচ্ছে যে ভিসা আবেদনপত্র মঞ্জুরের পূর্বে, টিকিট বুকিং চুড়ান্ত না করার জন্য। আপনি চাইলে একটি এয়ারলাইনে আসন সংরক্ষণ করার মাধ্যমে অস্থায়ীভাবে প্রস্তুতকৃত ফ্লাইট ভ্রমনপথ জমা দিতে পারেন।

আরও বিস্তারিত বিবরণের জন্য, ভিসা শাখার নিম্নলিখিত ইমেইল এড্রেসঃ

dhakape.visaconcerns@gmail.com এ যোগাযোগ করুন।

১। ভিসা আবেদনের প্রক্রিয়া (কীভাবে আবেদন করতে হবে)

বাংলাদেশি নাগরিকগণ চাইলে দূতাবাস দ্বারা স্বীকৃত বাংলাদেশে অবস্থিত ভিসা এজেন্সিদের সাথে যোগাযোগ করার মাধ্যমে আবেদনের প্রক্রিয়া শুরু করতে পারেন।

বিকল্প হিসেবে, বাংলাদেশী নাগরিকগণ **যারা ৯এ ভিসার জন্য আবেদন করছেন** (পর্যটন অথবা ব্যবসার উদ্দেশ্যে, অথবা কোনো মিটিং এ উপস্থিত থাকতে অথবা শিক্ষাসফরে যোগদানের জন্য) তারা চাইলে আবেদনপত্র https://www.visa.gov.ph র মাধ্যমে জমা দিতে পারবেন।

শ্রীলংকার নাগরিকগণ চাইলে কলম্বোতে অবস্থিত ফিলিপাইন কন্সুলেট জেনারেলের মাধ্যমে আবেদন করতে পারবেন, যার জন্য এখানে যোগাযোগ করা যেতে পারে।

মালদ্বীপের নাগরিকগ্ণ যারা ফিলিপাইনে যাচ্ছেন পর্যটন এবং ব্যবসার উদ্দেশ্যে, অথবা কোনো মিটিং এ উপস্থিত থাকতে অথবা শিক্ষাসফরে যোগদানের জন্য তাদের **ভিসার প্রয়োজন নেই।** অন্য সবাইকে মালেতে অবস্থিত ফিলিপাইন কন্সুলেটের মাধ্যমে আবেদন করতে হবে, যার জন্য এখানে যোগাযোগ করা যেতে পারে।

২। প্রয়োজনীয় জিনিস

পর্যটন ৯(এ)

- সম্পন্ন এবং স্বাক্ষর করা ভিসা আবেদনপত্র (যেখানে https://www.visa.gov.ph থেকে প্রবেশ এবং পূরণ করা যায়)
- পাসপোর্ট (ভ্রমনের তারিখ থেকে ৬ মাসের কম বৈধ নয়)
- পাসপোর্টের পরিচয় পৃষ্ঠার কপি
- ভ্রমনের সুনির্দিষ্ট পরিকল্পনা

- অর্থনৈতিক সক্ষমতার প্রমাণঃ যেমন, সম্পদ/মালিকানা, কর্মসংস্থান সার্টিফিকেটে কর পরিশোধের প্রমাণ, ব্যবসার বৈধ লাইসেন্স, ব্যাংক স্টেট্মেন্ট অথবা স্পন্সর দ্বারা আর্থিক সহায়তার লেটার/প্রমাণ (পাসপোর্টের কপি এবং ফিলিপাইনে স্পন্সরের ঠিকানা থাকতে হবে)
- দুইটি (২) সাম্প্রতিক ২x২" আইডি ছবি
- একটি পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট পরবর্তীতে দিতে হতে পারে ফিলিপাইন দূতাবাস থেকে চাওয়া হইলে (https://pcc.police.gov.bd/ords/f?p=500:1:::::)

অতিরিক্ত প্রয়োজনীয় জিনিস

অপ্রাপ্তবয়স্ক (১৭ বছর ও কম)

- জন্ম সনদ
- পিতা মাতার বিবাহ সনদ
- পিতা মাতার পাসপোর্টের কপি

দ্রষ্টব্যঃ ফিলিপাইনে গমনকারী সঙ্গীহীন ১৫ বছর বা তার কম বয়সের অপ্রাপ্তবয়স্ক শিশুদের এবং যারা ফিলিপাইনে গিয়ে পিতা মাতার সাথে যোগদান করবেনা তাদেরকে ফিলিপাইন অভিবাসন আইনের ২৯(এ)(১২) ধারার অধীনে একটি Waiver of Exclusion Ground (WEG) নিশ্চিত করতে হবে।

আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে https://immigration.gov.ph/ ভিজিট করুন।

ফিলিপিনো নাগরিকের বিদেশি স্বামী অথবা স্ত্রী/ সন্তান

- স্বামী অথবা স্ত্রীর পক্ষ থেকে আমন্ত্রণ পত্র
- ফিলিপিনো স্বামী অথবা স্ত্রীর/ পিতা মাতার পাসপোর্ট
- যদি বিবাহিত হন, Philippine Statistics Authority (PSA) এর মূল বিবাহের সনদ/রিপোর্ট

- সন্তানের জন্মের মূল PSA জন্ম সনদ /রিপোর্ট
- Barangay সার্টিফিকেট, যদি ফিলিপিনো স্বামী অথবা স্ত্রী /পিতা মাতা আবেদনকারীর সাথে ভ্রমন না করে থাকেন।

ভিসা ফি

সিঙ্গেল এন্ট্রি (তিন (৩) মাসের জন্য বৈধ) – **৩,৬৮০.০০** টাকা

মাল্টিপেল এন্ট্রি (ছয় (৬) মাসের জন্য বৈধ) – **৭,৩৬০.০০** টাকা

মাল্টিপেল এন্ট্রি (এক (১) বছরের জন্য বৈধ) – **১১,০৪০.০০** টাকা

ব্যবসা (৯এ)

- সম্পন্ন এবং স্বাক্ষর করা ভিসা আবেদনপত্র (যেখানে https://www.visa.gov.ph থেকে প্রবেশ এবং পূরণ করা যায়)
- আবেদনকারীর এবং/ অথবা স্পন্সরের ব্যবসার নিবন্ধন
- পাসপোর্ট (ভ্রমনের তারিখ থেকে ৬ মাসের কম বৈধ নয়)
- পাসপোর্টের পরিচয় পৃষ্ঠার কপি
- রাউন্ড ট্রিপের এয়ারলাইন টিকিট
- ভ্রমনের সুনির্দিষ্ট পরিকল্পনা
- অর্থনৈতিক সক্ষমতার প্রমাণঃ যেমন, সম্পদ/মালিকানা, কর পরিশোধের প্রমাণ, ব্যাংক স্টেট্মেন্ট অথবা স্পন্সর দ্বারা আর্থিক সহায়তার লেটার/প্রমাণ
- ফিলিপাইনে ভ্রমন করার উদ্দেশ্য সহ কোম্পানি লেটার
- দুইটি (২) সাম্প্রতিক ২x২" আইডি ছবি

- একটি পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট পরবর্তীতে দিতে হতে পারে ফিলপাইন দূতাবাস থেকে চাওয়া হইলে (https://pcc.police.gov.bd/ords/f?p=500:1::::::)

ভিসা ফি

সিঙ্গেল এন্ট্রি (তিন (৩) মাসের জন্য বৈধ) – **৩,৬৮০.০০** টাকা

মাল্টিপেল এন্ট্রি (ছয় (৬) মাসের জন্য বৈধ) – **৭,৩৬০.০০** টাকা

মাল্টিপেল এন্ট্রি (এক (১) বছরের জন্য বৈধ) – **১১,০৪০.০০** টাকা

ব্যবসা (৯এ)

মিটিং, প্রশিক্ষণ, সেমিনার, শিক্ষা সফরে যোগদানের জন্য ৯(এ)

- সম্পন্ন এবং স্বাক্ষর করা ভিসা আবেদনপত্র (যেখানে https://www.visa.gov.ph থেকে প্রবেশ এবং পূরণ করা যায়)
- ফিলিপাইনে ইভেন্ট অর্গানাইজারের পক্ষ থেকে আমন্ত্রণপত্র
- বৈধ পাসপোর্ট (ভ্রমনের তারিখ থেকে ছয় (৬) মাসের কম না থাকা প্রেক্ষিতে)
- রাউন্ড ট্রিপের এয়ারলাইন টিকিট
- ভ্রমনের সুনির্দিষ্ট পরিকল্পনা
- অর্থনৈতিক সক্ষমতার প্রমাণঃ যেমন, সম্পদ/মালিকানা, কর পরিশোধের প্রমাণ, ব্যাংক স্টেট্মেন্ট অথবা স্পন্সর দ্বারা আর্থিক সহায়তার লেটার/প্রমাণ
- ইনভাইটিং অর্গ্নাইজেশনের প্রমাণিত নিবন্ধন
- নিয়োগকর্তা বা স্কুলের পক্ষ থেকে লেটার
- দুইটি (২) সাম্প্রতিক ২x২" আইডি ছবি

ভিসা ফিঃ ৩,৬৮০.০০ টাকা

ট্রানজিট ৯(বি)

- সম্পন্ন এবং স্বাক্ষর করা ভিসা আবেদনপত্র ফর্ম
- নিশ্চিত অনওয়ার্ড টিকিট
- প্রয়োজন হলে, মূল গন্তব্য দেশের জন্য বৈধ ভিসা

ভিসা ফিঃ ২,৩০০.০০ টাকা

নাবিক এবং নাবিকদল সদস্য ৯(সি)

- সম্পন্ন এবং স্বাক্ষর করা ভিসা আবেদনপত্র ফর্ম
- বৈধ পাসপোর্ট (ভ্রমনের তারিখ থেকে ছয় (৬) মাস কম না থাকা প্রেক্ষিতে)
- পাসপোর্টের পরিচয় পৃষ্ঠার কপি
- দূতাবাসের উদ্দেশ্যে ম্যানিং এজেন্সির পক্ষ থেকে পাঠানো লেটার
- সিম্যান'স বুকের ফটোকপি
- দুইটি (২) সাম্প্রতিক ২x২" আইডি ছবি

ভিসা ফিঃ ১,৮৪০.০০ টাকা

অধ্যয়নের জন্য ৯(এফ)

স্টুডেন্টদেরকে অবশ্যই ফিলিপাইনে তাদের স্কুলের সাথে সমন্বয় করতে হবে প্রয়োজনীয় জিনিসের জন্য।

ফিলিপাইন দূতাবাস ভিসা ইস্যু করবে শুধুমাত্র ম্যানিলা থেকে অনুমোদনের রসিদ পাওয়ার পরে।

প্রক্রিয়া

- বিদেশী স্টুডেন্টদের সরাসরি ফিলিপাইনে অবস্থিত স্কুলের সাথে যোগাযোগ করতে হবে এবং স্কুলের প্রাতিষ্ঠানিক প্রয়োজনীয়তা মেনে চলতে হবে

- স্কুল স্টুডেন্টের জন্য একটি Notice of Acceptance (NOA) ইস্যু করতে হবে এবং একটি ডুপ্লিকেট কপি জমা দিতে হবে, সাথে নিম্নবর্ণিত ডকুমেন্টগুলি দিতে হবেঃ Commission on Higher Education (CHED) এর ভর্তির যোগ্যতার সার্টিফিকেটের প্রত্যয়িত সত্য কপি এবং Department of Foreign Affairs (DFA) এর কাছে স্কুলে ভর্তির প্রয়োজনীয় জিনিসসমূহ
- DFA ডকুমেন্টগুলি Philippine Embassy in Bangladesh (Dhaka PE) তে অনুমোদন করে
- Dhaka PE স্টূডেন্টকে ডকুমেন্টগুলির রসিদ লেখার জন্য এবং তাকে কন্সুলার অফিসারের সামনে সাক্ষাতকারের জন্য ব্যক্তিগতভাবে যে আসতে হবে তা এবং কন্সুলারের প্রয়োজনীয় জিনিস সম্পর্কে অবহিত করবে

প্রয়োজনীয় জিনিস

- ভিসা আবেদনপত্র ফর্ম
- শিক্ষা প্রতিষ্ঠানের ড্রাই সিলের স্পষ্ট ছাপসহ, স্কুলের Original Notice of Admission (NOA)
- যদি কোনো কোর্সে বা প্রোগ্রামে নথিভুক্ত করতে সীমাবদ্ধতা থাকে সুবিধার স্বল্পতার কারণে, যেমন মেডিসিন অথবা ডেন্টিস্ট্রিতে সেক্ষেত্রে, Commission for Higher Education (CHED) এর দ্বারা ইস্যু করা Original Certificate Admission of Eligibility (CEA)
- স্টুডেন্টের মাতৃভূমি অথবা আইনি বাসস্থানের জাতীয় পুলিশ কর্তৃপক্ষের দ্বারা ইস্যুকৃত পুলিশ ক্লিয়ারেন্স, যেটি কন্সুলার জুরিসডিকশন সহ ফিলিপাইন দূতাবাস/কন্সুলেট দ্বারা অনুমোদিত
- অনুমোদিত চিকিৎসক দ্বারা ইস্যুকৃত মেডিকাল হেলথ সার্টিফিকেট দিতে হবে, কিন্তু অন্য কিছু না দিলেও সাথে স্ট্যান্ডার্ড সাইজের চেস্ট এক্স-রে, হেপাটাইটিস বি ক্লিয়ারেন্স দিতে হবে।

ভিসা ফিঃ ২৩,০০০.০০ টাকা

কর্মসংস্থান ৯(জি) । ৪৭(এ)(২)

প্রয়োজনীয় জিনিসমূহের জন্য কর্মচারীদের আদেশ করা হচ্ছে ফিলিপাইনে নিয়োগকর্তার সাথে সমন্বয় করার জন্য। শুধুমাত্র ম্যানিলা থেকে অনুমোদনের রসিদ পাওয়ার পরে ফিলিপাইন দূতাবাস ভিসা ইস্যু করবে।

ভিসা ফিঃ ৩৬,৮০০.০০ টাকা

বাংলাদেশি নাগরিক যাদের কূটনৈতিক এবং অফিসিয়াল পাসপোর্ট আছে

যারা **সাময়িক পরিদর্শন** (পর্যটন, অবকাশযাপন, সেমিনার, কনফারেন্স, মিটিং এ যোগদান) এর জন্য ফিলিপাইন আসবেন তারা তিরিশ (৩০) দিন সময়ের জন্য **এন্ট্রি ভিসা** ছাড়া প্রবেশ করতে পারবেন।

যারা **ফিলিপাইনে কাজের জন্য যাচ্ছেন** তারা ভিসা ছাড়া তিরিশ (৩০) দিন সময়ের জন্য থাকতে পারবেন। তারপরে তাদেরকে তিরিশ (৩০) দিনের মধ্যে যথাযথভাবে ৯(ই) ভিসা এবং Department of Foreign Affairs (DFA) থেকে অন্যান্য জরুরী স্বীকৃতি পেতে হবে।

৩। বাংলাদেশে অবস্থিত সর্বজনস্বীকৃত ভিসা এজেন্সি

পিনয় ট্রাভেলস	বাড়ি নং ৩৫, রোড নং ১, ব্লক এ, গুলশান ১, নিকেতন, ঢাকা ইমেইলঃ pinoytravels@gmail.com anisnora45@yahoo.com ফোনঃ ০১৭১১৫৪৪১৮৫, ০১৫৫২৪০৪৭০৫, +৮৮০২২২২২৮৩০৫৫ ইস্টার্ন ভিউ , রুম নং-৮/১০-১১, ৫০ডিআইটি এক্সটেনশন রোড, নয়া পল্টন, মতিঝিল, ঢাকা- ১০০০ ফোনঃ ০১৯১৯৫৪৪১৮৫, ০১৩১৯৪০৬০৬২, +৮৮০২৫৮৩১২৪৩৮
শিখা ট্রাভেলস এন্ড ট্যুরস	১৬৭/৭ ডিআইটি এক্সটেনশন রোড (৪র্থ তলা) ফকিরাপুল, মতিঝিল, ঢাকা ইমেইলঃ shikha_trade@yahoo.com shikha_tours@yahoo.com ফোনঃ +৮৮০১৮১৯৪৩৯০৩১, +৮৮০১৭১৫৩০৫৬৪৩, +৮৮০১৮৮৯৬৮৩৩১৭, ০২-২২৪৪০১৭৬৭, ০২-২২৪৪০১৭৬৮